69

দৈনিক সংবাদ

তারিখ AUG. 4 1999
পৃষ্ঠা ৬ কলাম ৩

# গৌরীপুর সরকারি কলেজের সাফল্য

গৌরীপুর (ময়মনসিংহ) থেকে নিজস্ব সংবাদদাতা ঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ডিগ্রি (পাস) পরীক্ষায় গৌরীপুর সরকারি কলেজ ব্যাপক সাফল্য অর্জন করেছে।

উক্ত কলেজ থেকে বিএসসিতে সম্মিলিত মেধাতালিকায় ২ জন ছাত্রী ১১তম ও ১৫তম স্থান অধিকারসহ ১১ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে।

গৌরীপুর সরকারি কলেজ থেকে ১৯৯৮ সনে অনুষ্ঠিত ডিগ্রি (পাস) পরীক্ষায় বিএসসিতে মোট ৬৪ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। তন্মধ্যে ৫৬ জন ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়, পাসের হার ৮৭.৫০। বিএসসির ছাত্রী সায়মা উম্মে সালমা সম্মিলিত মেধা তালিকায় ১১তম ও বিভাগওয়ারী মেধা তালিকায় ৮ম স্থান এবং উক্ত কলেজের ছাত্রী পূর্ণিমা রায় সম্মিলিত মেধা তালিকায় ১৫তম ও বিভাগওয়ারি ১০ম স্থান অধিকার করেছে।